

দশম শ্রেণি

পাঠ মূল্যায়ন-০৩

বিষয়ঃ বাংলা ২য় পত্র

(বিহ্বলঃ ডানপার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। উত্তর প্রাসঙ্গিক হওয়া বাঞ্ছনীয়।

একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দৃষ্ণীয়)

১। অনুচ্ছেদ লিখ।

ক) বাংলা নববর্ষ ১০

২। পত্র লিখঃ ১০

মনে কর তুমি ফাহিম তোমার বন্ধু আদিল। মাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার পর ভবিষ্যৎ জীবনের লক্ষ্য জানিয়ে বন্ধুর কাছে একখানা পত্র লেখ।

৩। সারমর্ম লিখঃ ১০

শৈশবে সদুপদেশ যাহার না রোচে
জীবনে তাহার কভু মূর্খতা না ঘোচে
চৈত্র মাসে চাষ দিয়া না বোনে বৈশাখে,
কবে সে হৈমন্তিক ধান্য পেয়ে থাকে?
সময় ছাড়িয়া দিয়া করে পণ্ডশম,
ফল চাহে, সেও অতি নির্বোধ অধম।
খেয়াতরী চলে গেলে বসে থাকে তীরে,
কিসে পার হবে, তরী না আসিলে ফিরে?

৪। ভাব-সম্প্রসারণ করোঃ ১০

ক) গ্রন্থগত বিদ্যা আর পরহস্তে ধন
নহে বিদ্যা নহে ধন, হলে প্রয়োজন।

- খ) ভোগে নয়, ত্যাগেই প্রকৃত সুখ।
- ৫। প্রতিবেদন রচনা করোঃ ১০
- ক) শিশুশ্রম বন্ধের আবশ্যিকতা তুলে ধরে পত্রিকায় প্রকাশের জন্য একটি প্রতিবেদন রচনা কর।
- ৬। প্রবন্ধ রচনা করোঃ ২০
- ক) বাংলাদেশের প্রাকৃতিক সৌন্দর্য;
- ৭। সংক্ষিপ্ত প্রশ্নের উত্তর দাওঃ ৩০
- ক) তারিখবাচক শব্দের প্রথম চারটি কোন ভাষার নিয়মে সাধিত হয়?
- খ) 'অহরহ' শব্দের সন্ধি বিচ্ছেদ কর।
- গ) 'আলপিন' কোন ভাষার শব্দ?
- ঘ) কোলন চিহ্নে কতক্ষণ থামতে হয়?
- ঙ) বিশেষ অর্থে নির্দিষ্টতা জ্ঞাপনে ব্যবহৃত পদাশ্রিত নির্দেশক কোনটি?
- চ) বাক্যে কারক বিভক্তিযুক্ত পদ বা অসমাপিকা ক্রিয়াপদ কোথায় বসে?
- ছ) 'বাইশা' শব্দে কী অর্থে আ-প্রত্যয় যুক্ত হয়েছে?
- জ) 'ভুবনের ঘাটে ঘাটে ভাসিয়েছে'- বাক্যটিতে কী যোগে বিধেয়ের সম্প্রসারণ ঘটেছে?
- ঝ) মনু+ঋ= মানব, শব্দে 'ঋ' প্রত্যয় কী অর্থে ব্যবহৃত হয়েছে?
- ঞ) 'তামার বিষ' বাগধারাটির অর্থ কী?
- ট) 'কী হেতু এসেছো তুমি কহ বিস্তারিত' বাক্যে হেতু অনুসর্গটি কী অর্থ প্রকাশ করেছে?
- ঠ) কার্মবাচ্যের বাক্যকে কর্তৃবাচ্যে পরিণত করতে হলে কর্তায় কোন বিভক্তি যুক্ত হয়?

- ড) যে ভবিষ্যৎ না ভেবেই কাজ করে এক কথায় কী হবে?
- ঢ) আশ্রিত খণ্ডবাক্য কত প্রকার?
- ণ) প্রত্যক্ষ উক্তির কালসূচক শব্দের 'গতকাল' শব্দটি পরোক্ষ উক্তিতে কী রূপে পরিবর্তিত হবে?
- ত) স্পর্শ ও উন্ন বর্ণের মাঝামাঝি বর্ণকে কী বলা হয়?
- থ) 'আপাদমস্তক' এর সমাস নির্ণয় কর।
- দ) অনুগামী সমুচ্চরী অব্যয় গুলোর নাম লিখ।
- ধ) ছিটা, নিমা, চিরা, শিখা, ধাতুগুলো কোন আদিগণ ভুক্ত?
- ন) রূপার থালা, সোনার বাটি এগুলো কোন সম্বন্ধ পদের উদাহরণ?
- প) অসমাপিকা ক্রিয়াঘটিত বাক্যে কর্তা কত প্রকার?
- ফ) 'লোকটি জাতিতে বৈষ্ণব।' রেখাঙ্কিত পদটি কোন কারকে কোন বিভক্তি?
- ব) সমাস নিষ্পন্ন পদটির নাম কী?
- ভ) কোন শব্দে সাধারণত ণ-ত্ব বিধান প্রযোজ্য নয়?
- ম) স্ত্রী বাচক শব্দের ক্ষুদ্রার্থে কী ব্যবহৃত হয়?
- য) দুটি সমবর্ণের একটির পরিবর্তনকে কী বলে?
- র) প্রাণিবাচক ও অপ্রাণিবাচক শব্দের বহুবচনে ব্যবহৃত শব্দ কোনটি?
- ল) আক্ষেপ প্রকাশে অতীতের স্থলে কোন কাল ব্যবহৃত হয়?
- শ) প্রশ্ন জিজ্ঞাসায় ক্রিয়াপদের কোন ভাব হয়?
- ষ) 'ঘটনাটা শুনে রাখ'- যৌগিক ক্রিয়া কী অর্থে ব্যবহৃত হয়েছে?